



বাংলাদেশ নির্বাচন কমিশন  
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
পাবনা।  
[www.ECS.gov.bd](http://www.ECS.gov.bd)

স্মারক নং- ১৭.০৪.৭৬০০.০০০.৩২.০০৬.২২- ১০০

তারিখঃ ০৫ এপ্রিল ২০২২ খ্রিঃ

**নিয়োগ বিজ্ঞপ্তি**


নির্বাচন কমিশন সচিবালয়ের ২৮/০৩/২০২২ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-১৮১, নম্বর পত্রের প্রেক্ষিতে ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ-২০২২ উপলক্ষে পাবনা জেলার পাবনা সদর, ইশ্বরদী, আটঘরিয়া, চাটমোহর, ভাঙ্গুরা, ফরিদপুর, সাঁথিয়া, বেড়া ও সুজানগর উপজেলার ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রমের জন্য প্রয়োজনীয় জনবলের প্যানেল তৈরির নিমিত্তে নিম্নলিখিত পদের জন্য বর্ণিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীর নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মন্তব্য
০১	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	এইচ,এস,সি ( কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে	ছবি সহ ভোটার তালিকা হালনাগাদের কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।	
০২	টিম লিডার	এইচ,এস,সি ( কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে		
০৩	প্রুফ রিডার	এইচ,এস,সি ( কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে		
০৪	ডাটা এন্ট্রি অপারেটর	এইচ,এস,সি ( কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে		
০৫	ডাটা এন্ট্রি হেলপার	এস,এস,সি		

উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে আগামী ২০/০৪/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার (অফিস চলাকালীন সময়ের মধ্যে) “সিনিয়র জেলা নির্বাচন অফিসার, পাবনা” বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা করা হবে না।

**শর্তাবলীঃ**

- আগ্রহী প্রার্থীদেরকে এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদপত্র, পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান/প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র/কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদ/ জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ (পদের নাম, নিজ নাম, পিতার নাম ও মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর এবং অভিজ্ঞতা উল্লেখ পূর্বক) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদন পত্র দাখিল করতে হবে।
- ইতোপূর্বে ছবিসহ ভোটার তালিকার হালনাগাদ কাজে নিয়োজিত ছিলেন এরূপ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট হতে টেকনিক্যাল এক্সপার্ট/সাপোর্ট, টিম লিডার/প্রুফ লিডার/ডাটা এন্ট্রি অপারেটর/ডাটা এন্ট্রি হেলপার পদে নিয়োজিত ছিলেন” এই মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ভোটার তালিকা হালনাগাদ কাজের জন্য শুধু প্রয়োজন অনুসারে নির্বাচিত প্রার্থীদের প্যানেল হতে নিয়োগ করা হবে।
- যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ডাকযোগে/মোবাইল ফোনে নির্ধারিত তারিখে মৌখিক/লিখিত/ব্যবহারিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
- জরুরি যোগাযোগের জন্য আবেদনপত্রে বর্তমান ঠিকানার সাথে মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল অথবা নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন বা সংশোধন ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- উপরোল্লিখিত পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে হালনাগাদ কার্যক্রম চলাকালীন সময়ে জন্য উপজেলা ভিত্তিক নিয়োগ প্রদান করা হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়/প্রকল্প কার্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে উপরোক্ত কাজের জন্য অর্থ প্রদান করা হবে।
- ছবি সহ ভোটার তালিকা প্রণয়নের কাজে দক্ষতাসহ অনুরূপ কাজে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- টেকনিক্যাল এক্সপার্ট/সাপোর্ট, টিম লিডার/প্রুফ লিডার/ডাটা এন্ট্রি অপারেটর/ডাটা এন্ট্রি হেলপার এর দায়িত্ব অবহেলায় রেজিস্ট্রেশনের কাজে ব্যবহৃত যন্ত্রপাতির কোন ক্ষতি বা বিনষ্ট হলে বা হারানো গেলে তা তিনি নিজে প্রতিস্থাপন করিতে বাধ্য থাকিবেন।
- কাজে অদক্ষতা কিংবা অসদুপায়ের জন্য পূর্বে বহিস্কৃত কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হবে না।



মোঃ মাহবুবুর রহমান  
জেলা নির্বাচন অফিসার  
পাবনা


ফোনঃ ০২-৫৮৮৮৪২৩০৯ (অফিস)

তারিখঃ ০৫ এপ্রিল ২০২২ খ্রিঃ

স্মারক নং- ১৭.০৪.৭৬০০.০০০.৩২.০০৬.২২- ১০০

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

- সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাও, ঢাকা
- মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প-২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- জেলা প্রশাসক, পাবনা
- আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- পুলিশ সুপার, পাবনা
- উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), পাবনা
- উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, .....(সকল), পাবনা [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো]
- সভাপতি/সম্পাদক, .....প্রেসক্লাব, পাবনা
- ক্যাভল অপারেটর.....পাবনা
- নোটিশ বোর্ড



জেলা নির্বাচন অফিসার  
পাবনা